# মডেল টেস্ট– ১৫

## বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

নায়গ্রা হলো জলপ্রপাত। জলপ্রপাত তো কখনো দেখিনি। শুধু জেনে এসেছি, ঝরনার মতো পাহাড়ের ওপর থেকে পানি নিচে সমতল ভূমিতে গড়িয়ে পড়ে, তবে আকারে অনেক বিশাল। ঝরনা ছোট, আর জলপ্রপাত বড়– এটুকু যা তফাৎ। উপর থেকে নিচে জল পতনের ব্যাপার দু-জায়গাতেই ঘটছে। জল যদি না-ই পড়ে, তা হলে ঝরনাও হবে না, জলপ্রপাতও হবে না। কিন্তু জল যে নিচে পড়ছে, পড়ে যাচ্ছেটা কোথায়? জলের ধর্ম তো গড়িয়ে যাওয়া। ঝরনার জলও গড়াতে গড়াতে ক্রমেই নদী হয়ে যায়।

এখন অন্য কথায় আসি। জলপ্রপাত দেখতে চাইব, কিন্তু পাহাড় দেখব না– একি কখনো সম্ভব? সম্ভব নয়। কারণ, পাহাড় বেয়ে জলের নিচে নামাটা না দেখে উপায় তো নেই। কিন্তু বিশ্ব-ভূমণ্ডল বড়ই বিচিত্র। কত অসম্ভব ব্যাপারই যে ঘটে! পৃথিবীতে সবচেয়ে বৃহৎ জলপ্রপাত বলা হয় নায়াগ্রাকে। এই জলপ্রপাত পাহাড় থেকে নামেনি। সমতলের ওপর দিয়ে একটি খরস্রোতা নদী বইছে। সামনের সবকিছু তো ভাসিয়ে নিয়ে যাওয়ার কথা। কিন্তু কই? কিছুই তো ভাসছে না! তার কারণ– যে মাটির ওপর দিয়ে এই খরস্রোতা নদীটি প্রবাহিত হচ্ছে, সেখানে হঠাৎ করেই এক বিশাল ফাটল। দু দিকের মাটির মধ্যে এক বিরাট ফাঁক। একটা নদী যতখানি চওড়া হতে পারে ততখানি ফাঁক। নায়াগ্রার জল ঐ ফাঁকের ভিতরে চলে যাচ্ছে। এটাও তো প্রপাত, কারণ পানি পড়ছে। তবে, সাধারণ জলপ্রপাতের মতো পাহাড় থেকে নিচে পড়ছে না। পড়ছে, সমতল থেকে বিশাল ফাটলের গহ্বরে। কিন্তু পানিটা ফাটলের মধ্যে পড়ে যাচ্ছে কোথায়?

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : $১ \times ৫ = ৫$

(i) অনুচ্ছেদটি মূলত কী বিষয় নিয়ে লেখা?
- ⓚ পাহাড় ⓚ খ নদ-নদী
- গ জলপ্রপাত ঘ সমতল ভূমি

(ii) নায়াগ্রা হলো–
- ক সাগর খ নদী
- গ পাহাড় ঘ জলপ্রপাত

(iii) নিচের কোনটি বড়ই বিচিত্র?
- ক পাহাড় খ সমতল ভূমি
- গ মেঘ ঘ বিশ্ব-ভূমণ্ডল

(iv) নায়াগ্রা জলপ্রপাতের তফাত প্রধানত–
- ক ভিক্টোরিয়া জলপ্রপাতের সাথে খ মাধবকুণ্ড জলপ্রপাতের সাথে
- গ সাধারণ জলপ্রপাতের সাথে ঘ অ্যাঞ্জেল জলপ্রপাতের সাথে

http://teachingbd.com

(v) নায়াগ্রার পানি কোথায় পড়ে?

ⓚ সমুদ্রে ⓚⓗ নদীতে

ⓖ পাহাড়ে ⓖⓗ বিশাল ফাটলের গহ্বরে

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) নায়াগ্রা কোথায় অবস্থিত?

(খ) নায়াগ্রার জলপ্রপাত সামনের সবকিছু ভাসিয়ে নিয়ে যায় না কেন?

(গ) জলের ধর্ম কী? নায়াগ্রার জল কোথায় যায়?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) পতন; (খ) খরস্রোতা; (গ) প্রবাহিত হওয়া; (ঘ) গহ্বর; (ঙ) দ্রুত গতিতে।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

প্রায় ৪০০ বছর পূর্বে ষোড়শ শতাব্দীতে লন্ডনে এক রাজকুমার ভিখারির ছেলে এবং ভিখারির ছেলে রাজকুমার হয়ে গিয়েছিল। ভিখারির ছেলের জন্ম হয়েছিল লন্ডনের এক বস্তিতে, আর রাজকুমারের জন্ম হয়েছিল রাজপ্রাসাদে। তারা দুজনে দেখতে অনেকটা একই রকম ছিল। ভিখারির ছেলের নাম টম ক্যান্টি। সে বস্তিতে বড় হয়ে ভিক্ষাবৃত্তির পাঠ নিতে লাগল। আর রাজকুমার প্রাসাদে বড় বড় পণ্ডিতদের কাছ থেকে বিদ্যা শিক্ষা নিতে লাগল। কল্পনাবিলাসী টম নিজেকে রাজকুমার সাজিয়ে সমবয়সীদের সঙ্গে খেলাধুলা করত। সমবয়সীরা তাকে রাজকুমার বলে ডাকত। সত্যিকার রাজকুমারকে দেখার ইচ্ছায় একদিন সে রাজপ্রাসাদের কাছে গেল। দারোয়ান তাকে পদাঘাত করলেও রাজকুমার তা দেখে দারোয়ানকে খুব বকা দিয়ে রাজপ্রাসাদের ভেতর নিয়ে গেল। দুজন দুজনের জীবনের গল্প একে অপরকে বলল। একজনের গল্প অন্যজনের ভালো লাগায় পোশাক বদল করে রাজকুমার হলো ভিখারির ছেলে, আর ভিখারির ছেলে হলো রাজকুমার। টম থেকে গেল রাজপ্রাসাদে, আর রাজকুমার বেরিয়ে এল রাস্তায়। দুজনের নতুন জীবনে বিভিন্ন ঘটনা ঘটায় তারা বুঝতে পারে তাদের নিজ নিজ জীবনই আনন্দদায়ক। পরে বিভিন্ন চড়াই উৎরাইয়ের মধ্য দিয়ে রাজকুমার আগের জীবন ফিরে পেল।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটি কী বিষয় নিয়ে লেখা?

ⓚ রাজা-রানির গল্প ⓚⓗ প্রতিজ্ঞা ভঙ্গ

ⓖ রাজকুমার ও ভিখারির ছেলের গল্প ⓖⓗ ভিখারির ছেলের গল্প

(ii) টম ক্যান্টি বেড়ে ওঠে কোথায়?

ⓚ রাস্তায় ⓚⓗ বস্তিতে

ⓖ রাজকুমারের সঙ্গে ⓖⓗ ভিখারির সঙ্গে

(iii) 'পণ্ডিত' শব্দের বিপরীত শব্দ—

ⓚ মূর্খ ⓚⓗ বিদ্বান

ⓖ বাচাল ⓖⓗ নিরক্ষর

http://teachingbd.com

(iv) রাজকুমার ও টম পোশাক বদল করল কেন?

ⓚ রাজকুমার ভিখারি হতে চেয়েছে বলে

ⓛ ভিখারি রাজকুমার হতে চেয়েছে বলে

ⓖ একের গল্প অপরের ভালো লেগেছে বলে

ⓘ দুজনের বন্ধুত্ব হয়ে গেছে বলে

(v) ভিখারির ছেলে কেমন প্রকৃতির ছিল?

ⓚ লোভী ⓛ স্বার্থপর

ⓖ কল্পনাবিলাসী ⓘ ভোজনবিলাসী

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| পূর্বে | আগে |
| ষোড়শ | ষোলতম |
| শতাব্দী | একশ বছরব্যাপী সময় |
| বস্তি | দরিদ্র পাড়া বা এলাকা |
| কল্পনা | মনগড়া বিষয় |
| রাজকুমার | রাজার ছেলে |

(ক) ——— দিয়ে শিশুরা নিজের জগৎ তৈরি করে।

(খ) দুইশ বছর মিলে হয় দুই ———।

(গ) বহু বছর ——— এদেশে এক রাজা ছিল।

(ঘ) টম ও রাজকুমারের কাহিনীটি ——— শতাব্দীর।

(ঙ) শহরে অনেক ——— গড়ে উঠেছে।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) সমবয়সীরা টমকে কী বলে ডাকত? টমকে কল্পনাবিলাসী বলা হয়েছে কেন, চারটি বাক্যে লেখ।

(খ) টম ক্যান্টি কোথায় জন্মগ্রহণ করেছিল? টম ক্যান্টি কেমন পরিবেশে বেড়ে উঠেছিল, তা চারটি বাক্যে লেখ।

(গ) টম ক্যান্টি কোন শিক্ষা গ্রহণ করেছিল? টম ক্যান্টি রাজকুমার হতে চেয়েছিল কেন, চারটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ত্ম; (খ) তৃ; (গ) গ্ধ; (ঘ) ক্ত; (ঙ) ন্ধ।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

বাংলাদেশের মধ্যে বেশ কয়েকটা প্রাচীন প্রত্নতাত্ত্বিক নিদর্শন আছে সেসব স্থানের নাম তোমরা হয়তো জানো যেমন ময়নামতি মহাস্থানগড় পাহাড়পুর এগুলোর কোনোটি হয়তো তুমি দেখেও থাকবে সেগুলো সবই মাটির উপরে ঢিবির আকারে তাই সহজে দূর থেকেই দেখা যায়

Teachingbd.com

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) অহংকার নাই যার

(খ) যে প্রতিবাদ করে

(গ) শাসন করে যে

(ঘ) অনেকের মধ্যে একজন

(ঙ) বিশেষ খ্যাতি আছে যার

*অথবা,* নিচের ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ :

(ক) বলিলাম; (খ) করিল; (গ) তুলিলাম; (ঘ) বকিলেন; (ঙ) করিয়াছে।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) ধর্ম; (খ) পরাধীন; (গ) বাইরে; (ঘ) প্রিয়; (ঙ) আক্রমণ।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) বন্ধু; (খ) বিশাল; (গ) আঁধার; (ঘ) নতুন; (ঙ) কাল।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

সিডি চলে, টিভি চলে, বাজে টেলিফোন
গলিপথে ফেরিঅলা হাঁকে আর হাঁটে
পল্লির সেই সুরে ভরে যায় মন
দরজায় বেল বাজে, কান পেতে শোন।
শহুরে জীবন জ্বালা— শব্দদূষণ।
ছোটদের হইচই ইশকুল মাঠে।

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) শব্দদূষণ কী? শহরের বাসা বাড়িতে থাকা কোন কোন জিনিস শব্দদূষণ করে? ২

Teachingbd.com

১৩। মনে কর, তুমি ফারিহা কামাল। ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছ। এখন বিদ্যালয় থেকে শিক্ষাবৃত্তির টাকা উত্তোলনের জন্য নিচের ফরমটি পূরণ কর : ৫

**শিক্ষাবৃত্তির জন্য ফরম** ছবি

নং-৩১২/১৮ কার্ড নং-১২১/২০১৬

১। শিক্ষার্থীর নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। যে বিদ্যালয় থেকে প্রাপ্ত বৃত্তি :

৫। বৃত্তির ধরন : ট্যালেন্টপুল/সাধারণ।

৬। বর্তমান শ্রেণি : শ্রেণি রোল :

আমার উপর্যুক্ত তথ্যগুলো সঠিক বলে স্বীকৃতি দিচ্ছি।

........................... .....................

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর শিক্ষার্থীর স্বাক্ষর

http://teachingbd.com

১৪। মনে কর, তুমি বানিয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থী। তোমার নাম কামাল/কল্পনা। তুমি/তোমরা গল্প, রূপকথা, কবিতা পড়তে বেশ পছন্দ কর। তোমার বিদ্যালয়ের লাইব্রেরিতে অধিক সংখ্যক বই সরবরাহের আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম সৌরভ/সুজানা। তুমি ঢাকায় লেখাপড়া করছ। তোমার জীবনের লক্ষ্য জানিয়ে তোমার মায়ের নিকট একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) বৈশাখী মেলা : ভূমিকা – মেলার স্থান – ভালো লাগার কারণ – প্রাপ্ত দ্রব্যাদি – উপসংহার।

(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস : ভূমিকা – ঐতিহাসিক পটভূমি/ভাষা আন্দোলনের মূল ঘটনা – শহিদ মিনার – আন্তর্জাতিক মাতৃভাষা দিবস – মাতৃভাষা দিবসের গুরুত্ব/তাৎপর্য – উপসংহার।

(গ) ক্রিকেট : ভূমিকা – উৎপত্তি – মাঠ ও খেলার উপকরণ – খেলার নিয়ম – জয়-পরাজয় – ক্রিকেটে অগ্রণী দেশ – ক্রিকেট ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ – উপসংহার।

(ঘ) বাংলাদেশের বর্ষাকাল : সূচনা – বর্ষার সময় – বর্ষার আগমন – বর্ষার বৈশিষ্ট্য – বর্ষায় যাতায়াত ব্যবস্থা – সুবিধা – অসুবিধা – উপসংহার।

## মডেল টেস্ট - ১৫ এর উত্তরমালা

১। (i) ⓖ জলপ্রপাত; (ii) ⓘ জলপ্রপাত; (iii) ⓘ বিশ্ব-ভূমন্ডল; (iv) ⓖ সাধারণ জলপ্রপাতের সাথে; (v) ⓘ বিশাল ফাটলের গহ্বরে।

২। (ক) নায়াগ্রা কানাডায় অবস্থিত।

(খ) নায়াগ্রা জলপ্রপাত যে মাটির ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে সেখানে হঠাৎ করেই এক বিশাল ফাটল। একটা নদী যতখানি চওড়া হতে পারে ততখানি ফাঁক। নায়াগ্রার জল ঐ ফাঁকের ভিতর চলে যাচ্ছে। তাই এ জলপ্রপাত সামনের সবকিছু ভাসিয়ে নিয়ে যায় না।

(গ) জলের ধর্ম গড়িয়ে যাওয়া।
নায়াগ্রার জল সমতল থেকে বিশাল ফাটলের গহ্বরে পড়ছে। তারপর সেই জল ফাটলের মধ্যে পড়ে কোথায় যাচ্ছে কেউ তা জানে না।

৩। (ক) নিচে পড়া; (খ) প্রবল স্রোত; (গ) বয়ে চলা; (ঘ) গর্ত; (ঙ) খুব তাড়াতাড়ি করে।

http://teachingbd.com

৪। অনুচ্ছেদটিতে নায়াগ্রা জলপ্রপাত সম্পর্কে বলা হয়েছে। নায়াগ্রা জলপ্রপাত পৃথিবীর বৃহৎ জলপ্রপাত। সাধারণত পাহাড়ের ওপর থেকে নিচে সমতল ভূমিতে বিশাল পরিধি নিয়ে জল পড়াকে জলপ্রপাত বলা হয়ে থাকে। কিন্তু নায়াগ্রা জলপ্রপাত একটু ভিন্ন প্রকৃতির। এই জলপ্রপাত পাহাড়ের ওপর থেকে নামেনি। খরস্রোতা নদীর মতো বয়ে গিয়ে পানির ধারা পড়ছে সমতল থেকে বিশাল এক ফাটলের গর্তে। এই পানি ফাটলের মধ্যে পড়ে কোথায় যাচ্ছে তা অজানাই থেকে যাচ্ছে।

৫। (i) ⓖ রাজকুমার ও ভিখারির ছেলের গল্প; (ii) ⓚ বস্তিতে; (iii) ⓚ মূর্খ; (iv) ⓖ একের গল্প অপরের ভালো লেগেছে বলে; (v) ⓖ কল্পনাবিলাসী।

৬। (ক) কল্পনা; (খ) শতাব্দী; (গ) পূর্বে; (ঘ) ষোড়শ; (ঙ) বস্তি।

৭। (ক) সমবয়সীরা টমকে রাজকুমার বলে ডাকত।

টম ক্যান্টি ছিল দরিদ্র ভিখারির ছেলে। ভিখারি হয়েও সে রাজকুমার হবার স্বপ্ন দেখত, যদিও তা ছিল যা প্রায় অসম্ভব। কিন্তু সে কল্পনায় রাজকুমার সাজে। সারাক্ষণ রাজকুমার হবার কল্পনা নিয়ে পড়ে থাকে বলেই টমকে কল্পনাবিলাসী বলা হয়েছে।

(খ) টম ক্যান্টি লন্ডনে জন্মগ্রহণ করেছিল।

টম ক্যান্টি ভিখারির ছেলে। সে বস্তিতে বড় হয়েছে। বস্তিজীবনে টম ভিখারিদের সঙ্গে ভিক্ষাবৃত্তির শিক্ষা নিয়েছে। এভাবে ভিখারিদের সঙ্গে দারিদ্র্যকে সঙ্গী করে টম অস্বাস্থ্যকর পরিবেশে বেড়ে উঠেছিল।

(গ) টম ক্যান্টি ভিক্ষাবৃত্তির শিক্ষা গ্রহণ করেছিল।

টম ক্যান্টি বস্তিতে বড় হয়েছে। বস্তির দরিদ্র জীবনে অনেক কষ্ট পেতে হয়। তা ছাড়া সে ছিল কল্পনাবিলাসী। রাজপ্রাসাদের সুখময় জীবনকে কল্পনা করে টম ক্যান্টি রাজকুমার হতে চেয়েছিল।

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) ত্ম | ত্ + ্ম (ম-ফলা) | মুক্তিযোদ্ধাদের আত্মদানের মাধ্যমেই দেশের স্বাধীনতা এসেছে। |
| (খ) তৃ | ত্ + ৃ (ঋ-কার) | মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধারা সামনে থেকে নেতৃত্ব দিয়েছিলেন। |
| (গ) গ্ধ | গ্ + ধ | রাতের আকাশে স্নিগ্ধ চাঁদের আলো। |
| (ঘ) ক্ত | ক্ + ত | সবার পাঁচ ওয়াক্ত নামাজ পড়া উচিত। |
| (ঙ) ন্ধ | ন্ + ধ | এদেশের সবার মধ্যে আত্মিক বন্ধন রয়েছে। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ১৫ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) নিরহংকার; (খ) প্রতিবাদী; (গ) শাসক; (ঘ) অন্যতম; (ঙ) বিখ্যাত।

*অথবা,* (ক) বললাম; (খ) করল; (গ) তুললাম; (ঘ) বকলেন; (ঙ) করেছে।

১১। (ক) অধর্ম; (খ) স্বাধীন; (গ) ভিতরে; (ঘ) অপ্রিয়; (ঙ) প্রতিরোধ।

*অথবা,* (ক) সুহৃদ; (খ) বৃহৎ; (গ) অন্ধকার; (ঘ) নব; (ঙ) গতকাল।

Teachingbd.com